# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখিত কাজ করেছেন

## ذِكْرُ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ فَعَلَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا وَصَفْنَا

আরবী

3165 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ قَالَ: حَدَّثَنِي نَافِعٌ: عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ أُبَيٍّ لَمَّا مَاتَ جَاءَ ابْنُهُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: أَعْطِنِي قَمِيصَكَ حَتَّى أُكَفِّنَهُ فِيهِ وصلّ عَلَيْهِ وَاسْتَغْفِرْ قَالَ: فَأَعْطَاهُ قَمِيصَهُ وَقَالَ: (إِذَا فَرَغْتَ فَآذِنِّي حَتَّى أُصَلِّيَ عَلَيْهِ) فَلَمَّا فَرَغَ آذَنَهُ فَلَمَّا أراد أن يصلي عليه جذبه عمر وَقَالَ: أَلَيْسَ قَدْ نَهَاكَ اللَّهُ أَنْ تُصَلِّيَ عَلَى الْمُنَافِقِينَ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَا بَيْنَ خِيرَتَيْنِ قَالَ اللَّهُ: {اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ} [التوبة: 80]) قَالَ: فَنَزَلَتْ: {وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أبداً ولا تقم على قَبْرِهِ } [التوبة: 84] قال: فترك الصلاة عليه.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3165 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (ص 121): ق.

বাংলা

৩১৬৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন আব্দুল্লাহ বিন উবাই বিন সালূল মারা যায়, তখন তার ছেলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলেন, “আপনি আমাকে আপনার জামা দেন, যাতে আমি তাকে সেই কাপড়ে কাফন দিতে পারি, তার জানাযার সালাত আদায় করুন এবং ক্ষমা প্রার্থনা করুন।” রাবী বলেন, “অতঃপর তিনি তাঁর জামা তাকে প্রদান করেন এবং বলেন, “যখন কাফন সম্পন্ন করবে, তখন আমাকে জানাবে, যাতে আমি তার জানাযার সালাত আদায় করতে পারি।” অতঃপর যখন কাফন সম্পন্ন করেন, তখন তিনি তাকে অবহিত করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তার

জানাযার সালাত পড়াতে উদ্যত হন,তখন উমার উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাঁকে টেনে ধরে বলেন, “আল্লাহ কি আপনাকে মুনাফিকদের জানাযার সালাত আদায় করতে নিষেধ করেননি?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “আমাকে দুটো কাজের মাঝে যে কোনটা করার ইখতিয়ার দেওয়া হয়েছে। আল্লাহ বলেছেন, اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ (আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন অথবা ক্ষমা প্রার্থনা না করুন...। সূরা তাওবাহ: ৮০)।”

রাবী বলেন, “তখন অবতীর্ণ হয়, وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أبداً ولا تقم على قَبْرِهِ (তাদের কেউ মারা গেলে, আপনি কখনই তাদের জানাযার সালাত আদায় করবেন না। এবং তার কবরের উপর দাঁড়াবেন না।–সূরা তাওবাহ: ৮৪)।”

রাবী বলেন, “তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জানাযার সালাত আদায় করা ছেড়ে দেন।”[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ২/১৮; সহীহ মুসলিম: ২৭৭৪; নাসাঈ: ৪/৩৬; তিরমিযী: ৩০৯৮; ইবনু মাজাহ: ১৫২৩; তাবারানী: ১৭০৫১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন